# অন্তর্বর্তী সরকারকে পূর্ণ সহযোগিতার আশ্বাস দিলেন সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান



সংগৃহীত ছবি

অন্তর্বর্তী সরকারের প্রতি পূর্ণ সহযোগিতার প্রতিশ্রুতি দিয়েছেন সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাতে তিনি বলেন, সরকারের কর্মসূচি সফল করতে সেনাবাহিনী সর্বাত্মকভাবে পাশে থাকবে।

অন্তর্বর্তী সরকারকে পূর্ণ সহযোগিতার আশ্বাস দিয়েছেন সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। সোমবার (১ সেপ্টেম্বর) দুপুরে প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাতে তিনি এই প্রতিশ্রুতি দেন। পরে প্রধান উপদেষ্টার প্রেস উইং থেকে এক বিবৃতিতে বিষয়টি জানানো হয়।

সাক্ষাতে প্রধান উপদেষ্টা বর্তমান পরিস্থিতিতে বেসামরিক প্রশাসনকে সহায়তায় সেনাবাহিনীর ভূমিকা এবং আইনশৃঙ্খলা রক্ষায় তাদের অবদানকে ধন্যবাদ জানান। পাশাপাশি আসন্ন নির্বাচনকে সামনে রেখে একটি সুস্পষ্ট কমান্ড কাঠামো এবং বাহিনীগুলোর মধ্যে ঘনিষ্ঠ সমন্বয়ের প্রয়োজনীয়তার ওপর জোর দেন।

সেনাপ্রধান বলেন, সরকারের সব উদ্যোগ ও কর্মসূচি সফল করতে সেনাবাহিনী সর্বোচ্চ প্রচেষ্টা চালাবে। তিনি একই সঙ্গে গুজবে কান না দেওয়ার আহ্বান জানান।

সাক্ষাৎ শেষে সেনাপ্রধান বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সঙ্গেও সৌজন্য সাক্ষাৎ করেন।

LENS ASIA